গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন অধিশাখা

# টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত এপ্রিল/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৩ এপ্রিল ২০২৩/ ৩০ চৈত্র ১৪২৯ |
| সভার সময় | সকাল ৯:৩০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

## ১) মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২১/০৩/২০২৩ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত মার্চ/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

## ২) মার্চ/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | সভায় প্রকল্পের পক্ষ থেকে জানানো হয় যে, সাইটের PAT শেষ পর্যায়ে। প্রকল্পের আওতায় ৬৭৮টি সাইটের মধ্যে ৪২০ টি সাইটের সংযোগ বিটিসিএল এবং টেলিটক হতে গ্রহণ করা সম্ভব হবে। তবে বাকী ২৫৮ সাইটের ইন্টারনেট সংযোগ অন্য অপারেটরের মাধ্যমে গ্রহণ করতে হবে। প্রকল্পের মেয়াদকালেই সকল সাইটে ইন্টারনেট সংযোগ দেয়া যাবে মর্মে প্রকল্পের পক্ষ থেকে আশাবাদ ব্যক্ত করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** কোন প্রতিষ্ঠান থেকে কতগুলো ইন্টারনেট সংযোগ নেয়া হবে তার বিশদ বিবরণ এবং কার্যসমাপ্তির সম্ভাব্য সময় উল্লেখপূর্বক তালিকা প্রণয়ন করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সবগুলো সাইটের ইন্টারনেট সংযোগের জন্য বিটিসিএলের সাথে চুক্তি হবে। মে/২০২৩ মাসের মধ্যে চুক্তি সম্পাদন করা যাবে মর্মে আশা করা যায়। | সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতাধীন সবগুলো সাইটের ইন্টারনেট সংযোগের বিষয়ে বিটিসিএলের সাথে চুক্তি মে/২০২৩ মাসের মধ্যে সম্পন্ন হবে। বিটিসিএল থেকে মৌখিকভাবে জানানো হয়েছে যে, জুন/২০২৩ মাসের মধ্যে সবগুলো সাইটের ইন্টারনেট সংযোগ সম্পন্ন করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** জুন/২০২৩ মাসের মধ্যে সবগুলো সাইটের ইন্টারনেট সংযোগ প্রদানের বিষয়টি জানিয়ে বিটিসিএলকে পত্র দিতে হবে। |
| ২ | সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মূল যন্ত্রপাতি ক্রয়ের দরপত্র মূল্যায়নের কাজ চলছে।<br><br>**সিদ্ধান্ত:** মূল্যায়নের কাজটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | মূল্যায়ন সম্পন্ন হয়েছে। ক্রয় প্রস্তাব ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | প্রকল্প পরিচালক জানান যে, ক্রয় প্রস্তাব ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণের জন্য প্রস্তুত করা হচ্ছে। |
| ৩ | NAATRT প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন। | প্রকল্প পরিচালক জানান যে, তার জনবলের একজন অফিস সহকারীর পদস্থাপন এখনও করা হয়নি।<br><br>প্রকল্পের প্রশাসনিক কাজগুলো যেমন ই-নথি চালু করা, iBAS++ একাউন্ট খোলা, অর্থ ছাড় সংক্রান্ত কার্যক্রম শুরু করা হয়েছে। প্রকল্পের মূল কাজ অর্থাৎ সমীক্ষা প্রতিবেদনের জন্য ডকুমেন্ট প্রস্তুতির কাজ প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** উল্লিখিত পদে জনবল শীঘ্রই পদস্থাপন করতে হবে। প্রকল্পের কাজসমূহ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে যত্নবান হতে হবে। | প্রকল্পের শূণ্যপদে জনবল পদায়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় সম্ভাব্যতা সমীক্ষার জন্য RFP প্রণয়নের কাজ চলমান। | সভায় প্রকল্প পরিচালক জানান যে, RFP প্রণয়নের জন্য কমিটি গঠন করা হয়েছে। আগামী ১৭/০৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে RFP প্রস্তাব বুয়েটের নিকট প্রেরণ যাবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | পদোন্নতি কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, বিগত ৬ মার্চ ২০২৩ খ্রি. তারিখে ডিপিসি'র সভার মাধ্যমে মটর ভেহিকেল ইন্সপেক্টর পদে পদোন্নতি এবং প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির সুপারিশ করা হয়। উক্ত সুপারিশমালা পাবলিক সার্ভিস কমিশনে (পিএসসি) প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।<br><br>কনিষ্ঠ হিসাব রক্ষক পদে পদোন্নতির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। সার্ভিস বুক প্রেরণের জন্য বিটিসিএলের নিকট পত্র প্রেরণ করা হয়েছে যা পাওয়ার পর পদোন্নতি কার্যক্রম শুরু করা হবে।<br><br>**সিদ্ধান্ত:** পদোন্নতি প্রদানের প্রক্রিয়াসমূহ ত্বরান্বিত করতে হবে। | এপ্রিল/২০২৩ মাসের শেষ সপ্তাহে নিম্নলিখিত পদে পদোন্নতির জন্য ডিপিসি'র সভা আহবান করার বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে-<br>ক) মটর ভেহিকেল ইন্সপেক্টর<br>খ) উর্দ্ধতন হি.র.কর্মকর্তা<br>গ) স্টেনোগ্রাফার/কম্পি. অপা.<br>ঘ) প্রধান সহকারী | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, উল্লিখিত পদসমূহের মধ্যে ৩টি পদের প্রয়োজনীয় কাগজ-পত্র পাওয়া গেছে। ইতোপূর্বে প্রশাসনিক কর্মকর্তা পদের জন্য বিপিএসসিতে প্রেরিত আবেদনের কয়েকটি এসিআর সংক্রান্ত জটিলতায় ফেরত আসার বিষয়টি সভায় আলোচনা হয়, এবং পরবর্তীতে এসিআর লেখা বা প্রদানের সময় আরও যত্নবান হওয়ার বিষয়টি সভায় আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত: বিটিসিএলকে এসিআর প্রেরণের জন্য প্রেরিত পত্রে প্রদানের শেষ সময় উল্লেখ করতে হবে। |

### ৩) এপ্রিল/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ প্রণয়ন | এপিএ এর সংযোজনী হিসাবে ডিওটি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ প্রণয়নের লক্ষ্যে আলোচনা | সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগ হতে নিম্নলিখিত তথ্যাদি অতিসত্বর প্রেরণের জন্য সহযোগিতা কামনা করা হয়-<br><br>(১) প্রকল্পের PIC সভা আয়োজন সংক্রান্ত তথ্য<br>(২) প্রকল্পের সম্পদ বিবরণ সংক্রান্ত তথ্য<br>(৩) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম<br>(৪) কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত<br><br>সিদ্ধান্ত: অতিরিক্ত মহাপরিচালক পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে আলোচনা করে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২) | প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন/ মন্তব্য | টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকদের বক্তব্য/মতামত | সভায় CCOE প্রকল্পের ডিপিপি 'প্রকল্প যাচাই-বাছাই কমিটি'র সভার কার্যবিবরণীর আলোকে পরিমার্জন করে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত: উক্ত কার্যবিবরণী মোতাবেক ডিপিপি সংশোধন করে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) |
| ৩) | বাজেট বাস্তবায়ন সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের বাজেট বাস্তবায়ন বিষয়ে আলোচনা | সভায় জানানো হয় যে, প্রতি ৩ মাস অন্তর পিটিডিতে বাজেট বাস্তবায়নের অগ্রগতি জানাতে হয়।<br>টেলিযোগাযোগ অধিদপ্তরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা সামান্য হলেও তা এখনও অর্জন করা যায়নি।<br>কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক ব্যবহৃত গাড়ীভাড়া যথাসময়ে পরিশোধ করার জন্য তাগিদ দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী |
| ৫) | মার্চ/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ২৭টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ৩০টি আবেদনের ১টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৬০টি আবেদনের মধ্যে মাসান্তে ১২টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১৪৫ টি জিপিএফ আবেদনের মধ্যে ২৮টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৯০টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৪৮টি। প্রক্রিয়াধীন আছে ৪৩টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তির ১৩টি আবেদনের মধ্যে ৩টি আবেদন প্রক্রিয়াধীন আছে। ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>ছ) নন-ক্যাডার ২৬৫ জনকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬) | বিবিধ | (ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের অফিস ভবনের ভাড়া প্রদান<br><br>(খ) সেমিনারের আয়োজন | (ক) বিটিসিএল কর্তৃক ভাড়া দাবি না করায় ডিসেম্বর/২০২২ মাসের পরবর্তী সময়ের ভাড়া প্রদান করা যায়নি। ইতোপূর্বে ভাড়া দাখিল করার জন্য পত্র দেয়া হলেও বিটিসিএল কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করেনি।<br><br>সিদ্ধান্ত: ভাড়ার বিল দাখিল করার জন্য বিটিসিএল স্মরনীকা দিতে হবে।<br><br>(খ) ২০২২-২৩ অর্থবছরে টেলিযোগাযোগ অধিদপ্তরে কোন সেমিনার অনুষ্ঠান করা হয়নি। সমসাময়িক বিষয়ের উপর সেমিনারের আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। সেমিনারের বিষয়, মুখ্য প্রবন্ধ উপস্থাপক, তারিখ ও সময়, আমন্ত্রিত কর্মকর্তার তালিকা ইত্যাদি বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) কে প্রধান করে একটি কমিটি গঠন করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন)<br><br>(খ) পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৩

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯
১৩ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৫) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন

পরিচালক